



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
গাজীপুর।

স্মারক নং (০-৫) জাতীয়/পদ/শিক্ষক ডাটাবেইজ/২০১৪/১৮-২১

তারিখঃ ১৯/১১/২০১৫

TMIS এ নাম রেজিস্ট্রেশন এবং ডাটা সংশোধনের সময়সীমা বৃদ্ধি বিষয়ে জরুরী বিজ্ঞপ্তি


জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত সকল কলেজ, ইন্সটিটিউট, বিভিন্ন সরকারী অফিসে কর্মরত শিক্ষক এবং বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাটাবেজে TMIS এ যেসকল শিক্ষক এখন পর্যন্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করেন নাই তাঁদের আগামি ২০/১২/২০১৫ তারিখের মধ্যে নাম রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। বিশেষভাবে উল্লেখ্য TMIS এ নাম রেজিস্ট্রেশন না করলে সংশ্লিষ্ট শিক্ষক বিশ্ববিদ্যালয়ের কোন কাজে অংশগ্রহণের সুযোগ পাবেন না। ইতোমধ্যে যারা নাম রেজিস্ট্রেশন করেছেন তাদের ডাটাবেজে কোন প্রকার সংশোধন, সংযোজন বা নিয়োজন থাকলে আগামি ২০/১২/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। পরীক্ষক, প্রধান পরীক্ষক, সমীক্ষক, মডারেটর হিসেবে শিক্ষাবোর্ড বা বিশ্ববিদ্যালয়ে কাজের অভিজ্ঞতা ইতোপূর্বে অর্জিত না করে থাকলে তা সংশোধনের জন্য অনুরোধ করা হলো। ডাটা সংশোধনের নিয়মাবলী সংযোজন করা হলো। ২০/১২/২০১৫ তারিখের পর কলেজ ওয়ারী চূড়ান্ত শিক্ষক তালিকা সংশ্লিষ্ট অধ্যক্ষ বরাবরে প্রেরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় তালিকার শিক্ষকগণের তথ্য সঠিক মর্মে প্রত্যয়ন করলে শিক্ষকগণ TMIS তালিকায় চূড়ান্ত ভাবে তালিকাভুক্ত হবেন।

এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কাজে অগ্রহী শিক্ষকগণকে নির্ধারিত ২০/১২/২০১৫ তারিখের মধ্যে এ নাম রেজিস্ট্রেশন এবং ডাটা সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

বি.দ্র-১ঃ যেসকল অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপকগণ ইতোপূর্বে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন তাঁদের নিজ প্রোফাইলে বর্তমান পদে যোগদানের তারিখ (Joining Date in Present Designation) অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক হিসেবে) অবশ্যই সংযোজন করতে হবে।

বি.দ্র-২ঃ সম্মানিত সকল শিক্ষকগণকে তার প্রোফাইলের যাবতীয় তথ্য যেমন User Name, Password, প্রোফাইল নম্বর/ইউজার পিন, ই-মেইল এ্যাড্রেস ইত্যাদি সংরক্ষণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। TMIS এ দেয়া মোবাইল নম্বরটি সার্বক্ষণিক Active রাখতে হবে। কারণ বিশ্ববিদ্যালয়ের সকল যোগাযোগ এই মোবাইল নম্বরে এ করা হবে। কোন প্রকার পত্র যোগাযোগ করা হবে না।

আপনাদের সহযোগীতার জন্য ধন্যবাদ-



(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪

ই-মেইলঃ controller@nu.edu.bd